

যুক্তরাষ্ট্রের লাস ভেগাসে ৬ থেকে ৯ জানুয়ারি 'ইন্টারনেট অব মি' শ্লোগানে অনুষ্ঠিত হয় ৪৭তম ইন্টারন্যাশনাল কনজুমার ইলেকট্রনিক শো (সিইএস)। প্রতিবছর এ মেলায় দেখা মেলে চমকপ্রদ নানা প্রযুক্তিপণ্যের। এবারের সিইএস মেলার নজরকাড়া চমক জাপানিয়া কিছু পণ্য নিয়ে এই প্রতিবেদন।



সেকেন্ডে স্মার্টফোন

চার্জ : ইসরায়েলের একটি স্টার্টআপ প্রতিষ্ঠানের তৈরি 'স্টোরডট' নামের বিশেষ মোবাইল ফোন চার্জার

সিইএস প্রদর্শনীতে সবচেয়ে বেশি আলোড়ন সৃষ্টি করে। এ চার্জারে সেকেন্ডের মধ্যেই স্মার্টফোন চার্জ করা যাবে বলে দাবি নির্মাতাদের। অন্য যেকোনো চার্জারের চেয়ে প্রায় ১০০ গুণ দ্রুতগতিতে চার্জ করবে স্টোরডট।

গাড়ি নিয়ন্ত্রণে অ্যান্ড্রয়ড ওয়্যার অ্যাপ : গাড়ি নিয়ন্ত্রণে অ্যান্ড্রয়ড ওয়্যার অ্যাপ আনছে হুদাই। নতুন অ্যাপটির নাম বু লিঙ্ক। 'লক মাই কার', 'স্টার্ট মাই কার'-এর মতো কমান্ড দিলেই গাড়ির লক হওয়া বা স্টার্ট নেয়ার মতো কাজ স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন হবে। কোনো কারণে গাড়ি হারিয়ে গেলে 'ফাইন্ড মাই কার' বললেই এর অবস্থান জানাতে সাহায্য করবে অ্যাপটি। এ সেবা ব্যবহার করতে হলে গ্রাহকের একটি স্মার্টফোন ও একটি অ্যান্ড্রয়ড ওয়্যারের (অ্যান্ড্রয়ডচালিত স্মার্টফোন) প্রয়োজন হবে। স্মার্টফোনটি বুটুথের মাধ্যমে স্মার্টফোনের সাথে যুক্ত থাকবে। স্মার্টফোনে কমান্ড দিলেই তা স্মার্টফোনের মাধ্যমে গাড়িতে চলে যাবে। তবে এ সেবা ব্যবহারের জন্য অবশ্যই ইন্টারনেট সংযোগ প্রয়োজন হবে।



ল্যাম্বারগিনি স্মার্টফোন : গাড়ি ও স্পোর্টস কার নির্মাতা ইতালিয়ান কোম্পানি ল্যাম্বারগিনি সিইএস মেলায় স্মার্টফোন নির্মাতা হিসেবে আত্মপ্রকাশ করে। অ্যান্ড্রয়ডচালিত ডুয়াল সিমের ল্যাম্বারগিনি স্মার্টফোনে রয়েছে ২০ মেগাপিক্সেল ক্যামেরা এবং ১২৮ গিগাবাইট অভ্যন্তরীণ তথ্য ধারণক্ষমতা। ভারতের বাজারে অত্যাধুনিক এ স্মার্টফোনের দাম পড়বে ৩ লাখ ৭০ হাজার রুপি।



সনির অ্যান্ড্রয়ড টিভি : সার্চ জায়ান্ট গুগল গত বছরের বার্ষিক আই/ও কনফারেন্সে আনুষ্ঠানিকভাবে ঘোষণা দেয় টিভির জন্য তাদের নতুন প্লাটফর্ম- অ্যান্ড্রয়ড টিভি। আর সেই প্লাটফর্মের ওপর ভিত্তি করেই সনি এ বছর তাদের সব স্মার্টটিভি তৈরি করবে বলে জানিয়েছে। অ্যান্ড্রয়ড টিভি



জুতার ডিজিটাল সোল : জুতার ইন্টারেক্টিভ ডিজিটাল সোল নিয়ে এসেছে গ্লাগা গ্রুপ। সোলটি একদিকে ব্যবহারকারীকে ট্র্যাক করবে, অন্যদিকে তার পায়ের পাতা উষ্ণ রাখতে সাহায্য করবে। এটি দেখতে সাধারণ জুতার সোলের মতোই। সিইএস মেলায় 'ডিজিটসোল' নামে এই পণ্য এনে চমক দে খিয়েছে প্রতিষ্ঠানটি।



সিইএস মেলায় প্রযুক্তিপণ্যের চমক

সোহেল রানা

প্লাটফর্মে কাজ করবে বলে এসব স্মার্টটিভি গুগল কাস্ট সেবাও সাপোর্ট করবে।

স্যামসাং এসইউএইচডি টিভি : স্যামসাং বাজারে এনেছে বাঁকানো পর্দার এসইউএইচডি টিভি। এবার সিইএস মেলায় এসইউএইচডি টিভি উন্মোচন করেছে স্যামসাং। স্যামসাং ইলেকট্রনিক্স আমেরিকার ভাইস প্রেসিডেন্ট জো স্টিনজিয়ানো বলেন, আমাদের এই টেলিভিশনটি নিখুঁত রং আর আলোর মাধ্যমে ছবিকে ফুটিয়ে তুলবে। এই টিভি ক্রিস্টাল ক্লিয়ার ছবি দেখাবে। এতে ন্যানোক্রিস্টাল সেমিকন্ডাক্টর রয়েছে। এগুলো খাঁটি লাল, নীল ও সবুজ রং দেখাবে।



কোয়াড কপ্টার : এবারের সিইএসে সাড়া জাগিয়েছে চীনের কোম্পানি ডিজিআই ইসপায়ার-১ নামের ড্রোন। এটিকে কোয়াড কপ্টারও বলা হচ্ছে। বাতাসে ভেসে ভেসে ভিডিও ও ফটো তোলায় এতে ৪-কে রেজুলেশনের ক্যামেরা জুড়ে দেয়া হয়েছে। অন্যান্য প্রযুক্তিপণ্যকে ছাড়া পিঠের পিঠি স্থানটির স্টলে ভাসমান ড্রোন দর্শকদের নজর কেড়েছে। এই পণ্যটির দাম প্রায় ৩ হাজার ডলার।



জুতার ডিজিটাল সোল : জুতার ইন্টারেক্টিভ ডিজিটাল সোল নিয়ে এসেছে গ্লাগা গ্রুপ। সোলটি একদিকে ব্যবহারকারীকে ট্র্যাক করবে, অন্যদিকে তার পায়ের পাতা উষ্ণ রাখতে সাহায্য করবে। এটি দেখতে সাধারণ জুতার সোলের মতোই। সিইএস মেলায় 'ডিজিটসোল' নামে এই পণ্য এনে চমক দে খিয়েছে প্রতিষ্ঠানটি।

ইন্টারেক্টিভ ডিজিটাল সোলকে কাজে লাগাতে গ্লাগার অ্যান্ড্রয়ড ও আইওএস ব্যবহারকারীদের বেশ কিছু তথ্য দিতে হবে। যেমন- বয়স, উচ্চতা, সেক্স, ওজন। এরপর ডিজিটসোল ব্যবহারকারীকে ট্র্যাক করা শুরু করবে। এর দাম ২০০ মার্কিন ডলার।

এলজি জি ফেক্স ২ স্মার্টফোন : সিইএস মেলায় এলজি ঘোষণা দিয়েছে জি ফেক্সের নতুন সংস্করণ এলজি জি ফেক্স ২। এই ফোনটিতে ৬৪ বিট সমর্থিত কোয়ালকম স্ল্যাপড্রাগন ৮১০ অক্টাকোর প্রসেসর ব্যবহার হচ্ছে। রয়েছে অ্যাড্রিনো ৪৩০ জিপিইউ। এ ছাড়া ২ ও ৩ গিগাবাইট র্যামেই পাওয়া যাবে, যেটি নির্ভর করে স্টোরেজের ওপর। ১৬ গিগাবাইটের মডেলে থাকবে ২ গিগাবাইট র্যাম ও ৩২ গিগাবাইটের মডেলে থাকবে ৩ গিগাবাইট র্যাম। এলজি জি ফেক্স ২-এর মাইক্রোএসডি কার্ড স্লট সাপোর্ট করবে সর্বোচ্চ ২ টেরাবাইট পর্যন্ত। স্ল্যাপড্রাগন ৮১০-এর পাশাপাশি এটিও হতে যাচ্ছে এলজি জি ফেক্স ২-এর আরেকটি বিশেষ সুবিধা।



এইচটিসি আন্ড্রোপিক্সেল স্মার্টফোন : এবার সিইএস আসরে এইচটিসি তাদের এইচটিসি ডিজায়ার ৮২৬-এর নতুন ফোনের পর্দা উন্মোচন করে। এতে রয়েছে ডলবি অডিও'র ফ্রন্ট-ফেসিং বুসআউন্ড স্টেরিও স্পিকার। তবে ফোনটির প্রধান বিশেষত্ব হতে যাচ্ছে এর ফ্রন্ট ক্যামেরায়। এইচটিসি জানিয়েছে, তাদের জনপ্রিয় 'আন্ড্রোপিক্সেল' প্রযুক্তির ক্যামেরাই এবার তারা সামনে নিয়ে এসেছে। ফলে সেলফিপ্রেমীরা দ্রুত ও কম আলোয় আরও স্পষ্ট সেলফি তুলতে পারবেন। এইচটিসি ডিজায়ার ৮২৬ ফোনটি সাড়ে ৫ ইঞ্চি ডিসপ্লে ও রেজুলেশন ১০৮০ পিক্সেল ফুল এইচডি

